দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 0 9 JUN 2016
পৃষ্ঠা ৭৪ ... কলাম ২ ...

# প্রাথমিক বিদ্যালয়ে শূন্য পদে শিক্ষক নিয়োগে লিগ্যাল নোটিস

■ ইত্তেফাক রিপোর্ট

উচ্চ আদালতের রায়ের আলোকে জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে ১৭ হাজার ৪৪৪টি শূন্য পদে শিক্ষক নিয়োগে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সরকারকে লিগ্যাল নোটিস পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের এক আইনজীবী। আগামী সাত দিনের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পলিসি ও অপারেশন) এবং সব জেলার ডিসি ও শিক্ষা কর্মকর্তাকে এ নোটিসের জবাব দিতে বলা হয়েছে। গতকাল বুধবার আইনজীবী সিদ্দিক উল্লাহ মিয়া রেজিস্ট্রি ডাকযোগে এ নোটিস পাঠান।